

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

গাইবাঙ্কা

(জুডিসিয়াল মুনিখানা)

www.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২০০.০৪৪.২৫.০০৯.২৩. ১৭

তারিখ: ২৭ শেষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাদশ জাতীয় সংসদ নির্বাচন, ২০২৪ উপলক্ষে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর বিআরটিএ সংস্থাপন শাখা কর্তৃক ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের ৩৫,০০,০০০.০২০.০০৯.০২৭.২১-৮৭৮ নং স্মারকে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক আগামী ৭ জানুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য দাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে যানবাহন চলাচলের উপর নিম্নরূপ নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

- ০২। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত গাইবাঙ্কা জেলার সকল সংসদীয় আসনে নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

(১) টাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
------------------	------------	----------------	-----------

- ০৩। সেই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

- ০৪। উপরোক্তখন নিষেধাজ্ঞা নিম্নের্বর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবে:

(ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

(খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;

(গ) আঞ্চলিক-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আঞ্চলিক-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আঞ্চলিক-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;

(ঘ) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) নিয়ে চলাচলের ক্ষেত্রে;

(ঙ) রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে মোটর সাইকেল ব্যবহারের ক্ষেত্রে;

(ট) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটরসাইকেল চলাচলের ক্ষেত্রে;

(ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে;

(জ) এছাড়া, স্থানীয় প্রয়োজনীয়তা বা বাস্তবতার নিরীখে, বিভিন্ন জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক কতিপয় যানবাহনের উপর নিষেধাজ্ঞা আরোপ অথবা শিথিল করার বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যাবে।

- ০৫। এ আদেশ লজিনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

(কাজী নাহিদ রসুল)

জেলা ম্যাজিস্ট্রেট

গাইবাঙ্কা

ফোন: ০২-৫৮৮৮৭৭৫০০ (অ:)

email:dcgai bandha@mopa.gov.bd

২৭ পৌষ ১৪৩০
তারিখ: ০১ জানুয়ারি ২০২৪

স্মারক নং-০৫.৫৫.৩২০০.০৮৮.২৫.০০৯.২৩. ০২

অনুলিপি সদয় জাতার্থে/জাতার্থে ও কার্যার্থে (জ্যোতির ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা
- ৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
- ৬। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
- ৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর
- ৮। পুলিশ সুপার, গাইবান্ধা
- ৯। অধিনায়ক, তিস্তা ব্যাটালিয়ন-২ (৬১ বি.জি.বি), হাতীবান্ধা, লালমনিরহাট
- ১০। উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা
- ১১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা প্রশাসক (মানব সম্পদ ও উন্নয়ন ব্যবস্থাপনা/রাজস্ব/শিক্ষা ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/সার্বিক), গাইবান্ধা
- ১২। উপজেলা নির্বাচী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার.....(সকল), গাইবান্ধা (গণবিজ্ঞপ্তি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৩। জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা
- ১৪। কোম্পানি কমান্ডার, (সিপিসি-৩, গাইবান্ধা), র্যাব-১৩, রংপুর (তাঁকে এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৫। জেলা কম্যান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাইবান্ধা
- ১৬। জেলা তথ্য অফিসার, গাইবান্ধা (তাঁকে বিজ্ঞপ্তি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৭। সহকারী পরিচালক (ইঞ্জি), বিআরটিএ, গাইবান্ধা
- ১৮। অফিসার-ইন-চার্জ, থানা, গাইবান্ধা (এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, গাইবান্ধা
- ২০। সম্পাদক..... পত্রিকা, গাইবান্ধা (বিজ্ঞপ্তি তাঁর পত্রিকায় সৌজন্য সংখ্যা হিসেবে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২১। অফিস কপি।

জেলা ম্যাজিস্ট্রেট
গাইবান্ধা
১/১/২৪